**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা হোমিওপ্যাথিক চিকিৎসার সুফল সম্পর্কে ব্যাপক প্রচারের উপর গুরুত্ব আরোপ করেছেন।**

**(২) বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন মোহনপুরের রাঙাছড়া রাজ্যের প্রথম সৌরবিদ্যুৎ গ্রাম হবে।**

**(৩) ২০০৮ সালের ভয়াবহ ২৬/১১ মুম্বাই সন্ত্রাসী হামলার মূল পরিকল্পনাকারী তাহাব্বুর হোসেন রানাকে আজ সন্ধ্যায় ভারতে ফিরিয়ে আনা হয়েছে।**

**(৪) রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতা আগামীকাল থেকে শুরু হচ্ছে ।**

**************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা হোমিওপ্যাথি চিকিৎসার সুফল সম্পর্কে মানুষকে আরো বেশি করে অবগত করতে ব্যাপক প্রচারের উপর গুরুত্ব আরোপ করেছেন। বিশ্ব হোমিওপ্যাথি দিবস উপলক্ষে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে রাজ্য আয়ুষ মিশন আয়োজিত রাজ্য ভিত্তিক আলোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী এই গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, রাজ্য সরকার রাজ্যে একটি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ গড়ে তোলার পরিকল্পনা নিয়েছে। এর জন্য বহির্রাজ্যের উদ্যোগপতিদের কাছেও প্রস্তাব রাখা হয়েছে। সাব্রুমে আরও একটি ইন্টিগ্রেটেড আয়ুষ হাসপাতাল গড়ে তোলা হবে।

#######Byte-CM#######

অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, স্বাস্থ্য অধিকর্তা অধ্যাপক ডা: তপন মজুমদার, রাজ্যে আয়ুষ মন্ত্রকের ব্রাঞ্চ অফিসার ডঃ সুব্রত দেব। রাজ্যের দুজন বিশিষ্ট প্রবীণ হোমিও চিকিৎসক রতন সাহা ও প্রদীপ দাসকে অনুষ্ঠানের সংবর্ধিত করেন মুখ্যমন্ত্রী।

*****************************

**Power Minister :**

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন রাজ্যের প্রথম সৌরবিদ্যুৎ গ্রাম হবে মোহনপুর মহকুমার রাঙাছড়া গ্রাম। এই গ্রামের প্রত্যেক বাড়িতে সৌরবিদ্যুৎ এর ব্যবস্থা করা হচ্ছে। বিজেপির ৪৬তম প্রতিষ্ঠা বর্ষে সপ্তাহব্যাপী গ্রাম চলো অভিযানের অঙ্গ হিসেবে বিদ্যুৎমন্ত্রী আজ রাঙাছড়া গ্রাম সফরকালে সাংবাদিকদের একথা জানান। তিনি জানান, এই গ্রামে সৌরবিদ্যুৎ চালিত ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট বসানো হচ্ছে। বিদ্যুৎ দপ্তরের অন্তর্গত ট্রেডা সংস্থা এই কাজ করছে।

***************************

**Santana Chakma-Meagher :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন, এক দেশ এক নির্বাচন হলে সময় এবং সরকারি অর্থের সাশ্রয় হবে। উন্নয়নমূলক কাজকর্মও তরান্বিত হবে। আজ মেলাঘর কালীবাড়ি মাঠে মেলাঘর রেভিনিউ সার্কেলের নবনির্মিত ডি.সি.এম অফিসের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষপাল রায় প্রমুখ।

****************************

**Foundation Stone Laying Ceremony :**

এডিসি সদস্য প্রদ্যোত কিশোর দেববর্মন আজ দক্ষিন জেলার বীরচন্দ্রমনুতে লংদ্রাই ইংরেজি মাধ্যম নার্সারী স্কুলের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা, এডিসির কার্যনির্বাহী সদস্যা ডলি রিয়াং, ব্রু সংগ্রংমা মথহ্ সামাজিক সংস্থার সাধারণ সম্পাদক থনারাম রিয়াং, ও রিয়াং সমাজের সমাজপতিগণ।

*************************

**One Nation One Election :**

B.J.P-র উদ্যোগে আজ ফটিকরায় মন্ডল কার্যালয়ে "এক দেশ, এক নির্বাচন" বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। দেশের সার্বিক বিকাশে এক দেশ এক নির্বাচন এর প্রয়োজনীয়তা রয়েছে, এটা সময়োপযোগী দাবি বলে বক্তারা অভিমত প্রকাশ করেন। বক্তব্য রাখেন, তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ প্রমুখ।

**************************

**Santana Chakma :**

দামছড়া ব্লকের খেদাছড়া কমিউনিটি হলে স্ব সহায়ক গোষ্ঠীর মহিলাদের ঋণ প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্প ও বানিজ্য মন্ত্রী শান্তনা চাকমা। তিনি বলেন, রাজ্যের স্ব সহায়ক দলের মহিলাদের স্বশক্তিকরণের লক্ষ্যে রাজ্য সরকার ঋণ প্রদান করছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দামছড়া ব্লকের বিডিও অনুপম চাকমা ও কৃষি আধিকারিক দিবেন্দু চাকমা প্রমুখ।

*****************************

**Agriculture Quipments :**

ঊনকোটি জেলার কুমারঘাটে কৃষি দপ্তরের পক্ষ থেকে আজ ১৯০ জন কৃষককে কৃষি যন্ত্রপাতি প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,

ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, সহকারী সভাধিপতি সন্তোষ ধর, কৃষি উপ-অধিকর্তা সৌমেন নন্দী প্রমুখ।

***************************

**CPIM :**

রান্নার গ্যাসের দাম বৃদ্ধির সিদ্ধান্ত বাতিল করা সহ বিভিন্ন দাবিতে সিপিআইএমের ডুকলি বিভাগের উদ্যোগে আজ আগরতলায় বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়। মিছিলে নেতৃত্ব দেন সিপিআইএম ডুকলি বিভাগের সম্পাদক রাজ কুমার চৌধুরী।

******************************

**Ambedkar Birth Anniversary :**

প্রদেশ বিজেপি’র উদ্যোগে এবছর সংবিধান প্রণেতা ডঃ ভীমরাও আম্বেদকর এর জন্মজয়ন্তী বিশেষভাবে উদযাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত এক সেমিনারে তপশিলি জাতি মোর্চার রাষ্ট্রীয় সাধারণ সম্পাদক তথা লোকসভার সাংসদ ভোলা সিং একথা জানান। তিনি জানান, আগামী ১৩ এবং ১৪ই এপ্রিল দুইদিন হবে আম্বেদকর জন্মজয়ন্তী উদযাপন অনুষ্ঠান। এরপর ১৫ থেকে ২৫শে এপ্রিল পর্যন্ত জেলায় জেলায় ডঃ বি আর আম্বেদকর সম্মান অভিযানের আয়োজন করা হবে। উপস্থিত ছিলেন বিজেপি সভাপতি তথা রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য ও বিজেপির সাধারণ সম্পাদক ভগবান দাস প্রমুখ।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

\#\#\#\#\#\#\#Sound Byte\#\#\#\#\#\#\#

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-

আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Rana :**

২০০৮ সালের ভয়াবহ ২৬/১১ মুম্বাই সন্ত্রাসী হামলার মূল পরিকল্পনাকারীকে বিচারের আওতায় আনার জন্য বছরের পর বছর ধরে নিরন্তর এবং সমন্বিত প্রচেষ্টার পর, জাতীয় তদন্ত সংস্থা সফলভাবে তাহাব্বুর হোসেন রানার প্রত্যর্পণ নিশ্চিত করেছে। সন্ত্রাসী হামলার মূল পরিকল্পনাকারীকে নিয়ে একটি বিশেষ বিমান আজ সন্ধ্যায় দিল্লির পালাম বিমানবন্দরে অবতরণ করে। ভারত-মার্কিন প্রত্যর্পণ চুক্তির অধীনে প্রত্যর্পণের জন্য শুরু হওয়া কার্যক্রম অনুসারে রানাকে মার্কিন যুক্তরাষ্ট্রে বিচার বিভাগীয় হেফাজতে রাখা হয়েছিল। ক্যালিফোর্নিয়ার সেন্ট্রাল ডিস্ট্রিক্টের জেলা আদালত ২০২৩ সালের ১৬ই মে তার প্রত্যর্পণের নির্দেশ দেয়। এরপর রানা নবম সার্কিট কোর্ট অফ আপিল-এ একাধিক মামলা দায়ের করে, যার সবকটিই খারিজ হয়ে যায়। রানার বিরুদ্ধে ডেভিড কোলম্যান হেডলি ওরফে দাউদ গিলানি এবং লস্কর-ই-তৈয়বা এবং হরকাত-উল-জিহাদি ইসলামির সদস্যদের সঙ্গে ষড়যন্ত্রের করে এবং ২০০৮ সালে মুম্বাইতে ভয়াবহ সন্ত্রাসী হামলার অভিযোগ রয়েছে। এ হামলায় মোট ১৬৬ জন নিহত এবং ২৩৮ জনেরও বেশি আহত হয়।

এদিকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন অভিযুক্ত তাহাব্বুর রানাকে ফিরিয়ে আনা মোদী সরকারের কূটনীতির একটি বড় সাফল্য। তিনি বলেন ভারতের জনগণের সঙ্গে যারা দুর্ব্যবহার করেছে তাদের সকলকে দেশে ফিরিয়ে আনা সরকারের দায়িত্ব। আজ একটি বেসরকারি টিভি চ্যানেলে বক্তব্য রাখতে গিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে, তাহাব্বুর রানাকে ভারতীয় আদালতে বিচারের মুখোমুখি করা দেশের জন্য একটি বড় সাফল্যের বিষয় হবে।

কেন্দ্রীয় শিল্প ও বানিজ্য মন্ত্রী পীযুষ গোয়েল তাহাব্বুর রানাকে দেশে ফিরিয়ে আনা সম্পর্কে তাঁর প্রতিক্রিয়া ব্যক্ত করেন।

########Byte-Piyush Goyal#########

************************************

**Mahavir Jayanti :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহাবীর জয়ন্তী উপলক্ষে নাগরিকদের, বিশেষ করে জৈন সম্প্রদায়কে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন যে অহিংসা ও করুণার মূর্ত প্রতীক ভগবান মহাবীর অহিংসা পরম ধর্মের বার্তার মাধ্যমে মানবতার জন্য একটি নতুন পথ দেখিয়েছিলেন। তিনি আরও বলেন যে এই উৎসব আধ্যাত্মিকতার পথ অনুসরণ করার এবং সরলতা, দয়া এবং বস্তুগত সম্পদ ও আকাঙ্ক্ষা থেকে বিচ্ছিন্নতার মূল্যবোধ গ্রহণের বার্তা বহন করে।

উপরাষ্ট্রপতি এক বার্তায় বলেছেন যে, ভগবান মহাবীরের শাশ্বত শিক্ষা আমাদের আরও সহানুভূতিশীল এবং সুসংবদ্ধ বিশ্বের দিকে এগিয়ে যাওয়ার পথ আলোকিত করে চলেছে। তিনি আরও বলেন যে, সকল জীবের প্রতি সমতা এবং বিভিন্ন দৃষ্টিভঙ্গির প্রতি শ্রদ্ধার বিষয়ে ভগবান মহাবীরের গভীর বার্তা আজকের বিশ্বে প্রাসঙ্গিক।

প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে তাঁর বার্তায় বলেছেন যে ভগবান মহাবীরের আদর্শ বিশ্বজুড়ে অসংখ্য মানুষকে শক্তি দেয়। তিনি আরও বলেন যে জৈন সম্প্রদায় তাঁর শিক্ষা সুন্দরভাবে সংরক্ষণ করেছে এবং জনপ্রিয় করেছে। শ্রী মোদী বলেন যে সরকার ভগবান মহাবীরের দৃষ্টিভঙ্গি পূরণে প্রতিশ্রুতিবদ্ধ।

রাজ্যেও আজ মহাবীরের ২ হাজার ৬২৪তম জন্ম বার্ষিকী ধর্মীয় আচার-আচরণের মাধ্যমে পালন করলেন জৈন ধর্মাবলম্বীরা। এই উপলক্ষ্যে আগরতলা টাউন হল সংলগ্ন মহাবীর মন্দিরে আয়োজিত হলো মহাবীরের বিশেষ পূজা ও প্রার্থনা সভা। পূজার পর দিনটির তাৎপর্য এবং মহাবীরের জীবন নিয়ে আলোচনা করলেন উপস্থিত ভক্তরা।

****************************

**PM, POSHAN :**

প্রধানমন্ত্রী পোষণ যোজনার আওতায় উপকরণের খরচ ৯.৫% বৃদ্ধি করেছে কেন্দ্র। এই কেন্দ্রীয় প্রকল্পে বালবাটিকা এবং সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ১ম থেকে ৮ম শ্রেণীর এগারো কোটিরও বেশি শিক্ষার্থীকে গরম রান্না করা খাবার খাওয়ানো হয়। শিক্ষা মন্ত্রক জানিয়েছে যে নতুন হার আগামী মাসের ১ তারিখ থেকে সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে প্রযোজ্য হবে। এই বৃদ্ধির কারণে কেন্দ্রীয় সরকারের ২০২৫-২৬ সালে ৯৫৪ কোটি টাক অতিরিক্ত ব্যয় হবে।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*****************************

**PMKSY :**

প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনায় ২০২৪-২৫ অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলার বিভিন্ন ব্লকের ১৪টি দুঃস্থ কৃষক পরিবারকে নতুন পুকুর খনন করে দেওয়া হয়েছে। প্রতিটি পুকুর খননে ৯০ হাজার টাকা করে ব্যয় হয়েছে। এছাড়া জেলার ১১টি দুঃস্থ কৃষক পরিবারের পুরানো পুকুর সংস্কার করে দেওয়া হয়েছে। এই কর্মসূচি বাস্তবায়নে ১ লক্ষ ৬৫ হাজার টাকা

ব্যয় হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনায় ১৫ হাজার টাকা ভর্তুকীতে বিভিন্ন ব্লকের ৬৫ জন কৃষককে গত অর্থবছরে পাম্প সেট দেওয়া হয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলা কৃষি ও কৃষক কল্যাণ কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

************************

**Under 15 Cricket :**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতা আগামীকাল থেকে শুরু হচ্ছে। মোট ২০টি মহকুমা দল এই আসরে অংশ নিয়েছে। চারটি গ্রুপে লড়াইয়ের পর নকআউট পদ্ধতিতে আসরে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে।

***********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম, উত্তর, ঊনকোটি ও ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস।

*************************